

RBI/2004/19

DCM (NE) No.310/08.07.18/2003-04

জানুয়ারী ১৯, ২০০৪

চেয়ারম্যান, স্টেট ব্যাংক অফ ইণ্ডিয়া  
চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর  
সমস্ত কারেন্সি চেস্ট পরিচালনকারী শাখাগুলি

মাননীয় মহাশয়,

**জনসাধারণকে নোট এবং ধাতুমুদ্রা বিনিময়ের সুবিধা প্রদান**

আপনারা অবগত আছেন যে ভারতীয় রিজার্ভ ব্যাংক জনসাধারণকে নোট এবং ধাতুমুদ্রা বিনিময়ের মত খুচরা পরিষেবা প্রদান করে। আমাদের আঞ্চলিক দপ্তরগুলি ময়লা নোট বিনিময় করে, ক্ষতিগ্রস্ত নোটের ব্যাপারে সিদ্ধান্ত নেয় এবং লেনদেনের অথবা বিনিময়ের ব্যাপারে ধাতুমুদ্রা ও নোট গ্রহণ করিয়া সব এককের নূতন ও ভাল নোট ও মুদ্রা বাজারে ছাড়ে। এই সব পরিষেবা বাড়ানোর লক্ষ্যে, পাবলিক সেক্টর ব্যাংক ও ব্যক্তিমালিকানার ব্যাংক এবং কিছু বিদেশী ব্যাংককে বেশকিছু কারেন্সি চেস্ট এবং ক্ষুদ্রমুদ্রার ডিপো খোলার অনুমতি দিয়েছি। ভারতীয় রিজার্ভ ব্যাংকের (নোট ব) নিয়মে আমরা পাবলিক সেক্টর ব্যাংক এবং কারেন্সি চেস্ট শাখাকে অংগহানি নোটের ব্যাপারে সিদ্ধান্তের পূর্ণ ক্ষমতা ন্যস্ত করেছি।

২। কারেন্সি চেস্ট এবং তাদের মাধ্যমে চেস্টহীন শাখাগুলিতে যাতে নতুন নোট ও মুদ্রা যাতে স্বচ্ছন্দে পর্যাপ্ত পরিমাণে পাওয়া যায় সেটা নিশ্চিত করতে সাম্প্রতিক অতীতে আমরা কতিপয় পদক্ষেপ নিয়েছি। অধিকন্তু আমরা কারেন্সি চেস্টে জমা হওয়া ময়লা নোটের সমাধানই শুধু করিনি উপরন্তু, নিরাপত্তার ব্যাপারে উন্নত নজরদারির মাধ্যমে কারেন্সি ভেরিফিকেশন ও প্রসেসিং ব্যবস্থার সাহায্যে কারেন্সি চেস্ট হতে দ্রুততার সংগে ময়লা নোট অপসারণের চলতি কাজ সহজ করার জন্যে উপযুক্ত অবকাঠামো ও তৈরী করেছি।

৩। ক্রেতা পরিষেবা বিস্তৃত করার সার্বিক নীতি হিসেবে আমরা (ক) তাদের বিভিন্ন এককের ভাল নোট ও মুদ্রার চাহিদা পূরণের দাবী মেটাতে, (খ) ময়লা নোট বিনিময় করতে, (গ) অংগহানী নোটের ব্যাপারে সিদ্ধান্ত নিতে, এবং (ঘ) লেনদেন বা বিনিময়ের জন্যে নোট এবং ধাতু মুদ্রা গ্রহণ করতে সিদ্ধান্ত নিয়েছি যে, যেসব ব্যাংকের কারেন্সি চেস্ট আছে তাদের দেশের সকল শাখায় আরও সক্রিয় ও বলিষ্ঠভাবে জনসাধারণকে এইসব পরিষেবা দিতে হবে, যাতে তাদের রিজার্ভ ব্যাংকের কোন আঞ্চলিক শাখার দ্বারস্থ হওয়ার প্রয়োজন না হয়। আপনাদের শাখাগুলিতে এইসব সুবিধা পাওয়া যায় এই মর্মে অবাধভাবে জনসাধারণের কাছে খবর প্রচার করতে আমি আপনাদের অনুরোধ করি।

৪। অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকার করবেন।

ইতি ভবদীয়,

পি. কে. বিশ্বাস